

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৪/৭২১

তারিখ : ০২/৬/২০১৫ খিঃ

বিষয় : বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের বিমানভাড়া সহ প্যাকেজের সমুদয় টাকা আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশের সকল হজ্জ এজেন্সীদের দৃষ্টি আকর্ষণের জন্য হাব এর সভাপতি/মহাসচিবকে জানানো যাচ্ছে যে, ২০১৫ সনের হজ্জ প্যাকেজ অনুযায়ী বেসরকারী ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রীদের হজ্জ প্যাকেজের অবশিষ্ট সমুদয় টাকা যথা বিমান ভাড়া, পবিত্র মক্কা ও মদিনা শরীফের বাড়ী ভাড়া, সৌদি মোয়াল্লেমের চার্জ, অতিরিক্ত তাঁবু চার্জ, খাওয়ার টাকা ইত্যাদি সকল অর্থ এজেন্সী কর্তৃক হজ্জযাত্রীদের নিকট হতে আদায় পূর্বক হজ্জযাত্রী প্রতি বিমানের সম্পূর্ণ ভাড়া আগামী ১০.০৬.২০১৫ তারিখের মধ্যে সরকারের ব্যাংক হিসাবে জমা করতে হবে।

০২। এমতাবস্থায়, প্রত্যেক এজেন্সীর হজ্জযাত্রীদের নিকট হতে স্ব-স্ব প্যাকেজের উল্লিখিত অবশিষ্ট টাকা দ্রুত আদায় করে হজ্জযাত্রী প্রতি বিমান ভাড়া ১০.০৬.২০১৫ তারিখের মধ্যে সরকারের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০৩। সরকার এ বিষয়ে হাব, সকল হজ্জ এজেন্সী এবং বেসরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রীদের সক্রিয় সহযোগিতা প্রত্যাশা করছে।



(বেগম হাসিনা শিরীন)

সহকারী সচিব (হজ্জ)

ফোন : ৯৫৮৫২০০

প্রাপক

সভাপতি/মহাসচিব

হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা

অনুলিপি জ্ঞতার্থে :

১। পরিচালক (হজ্জ), হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।

২। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।